

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

১৮ ফেব্রুয়ারি' ২০২৪ খ্রি.

শিশুদের মনোবিকাশে প্রয়োজন নৈতিক শিক্ষা : মেয়র রেজাউল

নৈতিক শিক্ষা শিশুদের মনোবিকাশ ঘটিয়ে তাদের প্রকৃত মানবিক মূল্যবোধসম্পন্ন মানুষে পরিণত করে বলে মন্তব্য করেছেন চট্টগ্রাম সিটি মেয়র (প্রতিমন্ত্রী) বীর মুক্তিযোদ্ধা মোঃ রেজাউল করিম চৌধুরী।

রোববার কাপাসগোলা সিটি কর্পোরেশন বালিকা উচ্চ বিদ্যালয়ের বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠান স্কুল প্রাঙ্গণে অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে মেয়র রেজাউল করিম বলেন, আজকের শিশুরাই আগামীতে জাতিকে নেতৃত্ব দিবে। এজন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনা শিক্ষায় সবার অংশগ্রহণ নিশ্চিত করতে ব্যাপক বিনিয়োগ করছেন। শিক্ষা প্রতিষ্ঠানের পাশাপাশি প্রতিটি পরিবারকেও ভূমিকা রাখতে হবে একাডেমিক শিক্ষার পাশাপাশি নৈতিক শিক্ষা নিশ্চিতের বিষয়ে। কারণ নৈতিক শিক্ষা শিশুদের মনোবিকাশ ঘটিয়ে তাদের প্রকৃত মানবিক মূল্যবোধসম্পন্ন মানুষে পরিণত করে।

অনুষ্ঠানে চসিকের প্রধান নির্বাহী কর্মকর্তা শেখ মুহম্মদ তোহিদুল ইসলামের সভাপতিত্বে প্রধান বক্তা ছিলেন চসিকের শিক্ষা বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি ড.নিছার উদ্দিন আহমেদ মঞ্জু। বিশেষ অতিথি ছিলেন কাউন্সিলর নূর মোস্তাফা টিনু, সংরক্ষিত নারী কাউন্সিলর কুমকী সেন গুপ্ত, প্রধান শিক্ষা কর্মকর্তা আবুল হাশেম, শিক্ষা কর্মকর্তা মোছাম্বৎ রাশেদ আক্তার, অভিভাবক সদস্য মুহাম্মদ ইউচুপ, কাপাসগোলা কলেজের অধ্যক্ষ নূর বানু চৌধুরী। স্বাগত বক্তব্য রাখেন বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা রোমা বড়ুয়া। অনুষ্ঠানের আহবায়ক সিনিয়র শিক্ষক মমতাজ উদ্দিন, এম ডিস্কু বোর্ধিমি উপস্থিত ছিলেন।

একুশে বই মেলা মঞ্চে কবি জয়স্ত চট্টোপাধ্যায়

কবি যে অনুভব থেকে শব্দের পর শব্দ সাজিয়ে কবিতা রচনা করেন তা শৃঙ্খলি মাধুর্যে, বাচিক শৈলিতে শ্রোতার কাছে পৌঁছে দেন আবৃত্তিশিল্পী কবিতা এক আশ্চর্য স্বপ্নময় ধরনি, আর আবৃত্তি তার প্রতিধ্বনি। কবির ভেতরকার আবেগ-অনুভূতি, উপলক্ষ্মি ও নিজস্ব চিন্তা ভাবনাকে সুচারুভাবে ফুটিয়ে তোলেন একজন আবৃত্তিশিল্পী। আবৃত্তি হচ্ছে শিল্পীর স্মৃতির ধারাবাহিক সবাক চির। কবিতা যদি হয় দেহ, আবৃত্তি তার প্রাণ বলে মন্তব্য করেছেন প্রধান অতিথি একুশে পদকপ্রাপ্ত গুণীজন দেশ বরেণ্য আবৃত্তিশিল্পী জয়স্ত চট্টোপাধ্যায়।

তিনি বলেন, আবৃত্তি একটি শিল্প। কবি যে অনুভব থেকে শব্দের পর শব্দ সাজিয়ে কবিতা রচনা করেন, তা শৃঙ্খলি মাধুর্যে, বাচিক শৈলিতে শ্রোতার কাছে পৌঁছে দেন আবৃত্তিশিল্পী।

তিনি আরো বলেন, ফেব্রুয়ারী মাস আমাদের জাতি সন্তার বিকাশে এক অনবদ্য সংযোজন। তিনি বলেন, পৃথবীতে একমাত্র দেশ বাংলাদেশের রাষ্ট্রভাষা বাংলা। তিনি বলাতে পড়াতে ও লেখাতে ভাষাকে নষ্ট না করে আঝলিক ভাষার পাশাপাশি অধিক ভাষায় বলা, লেখা এবং পড়ার আহ্বান জানান। তিনি বলেন, বায়ন্নর ভাষা আন্দোলন থেকে মহান মুক্তিযুদ্ধসহ বিভিন্ন গণতান্ত্রিক আন্দোলনে আবৃত্তিশিল্পীরা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছেন। তারা তাদের ভাষার প্রয়োগ ও মুনিয়ানার মাধ্যমে সমাজে যেকোনো বার্তা সহজে পৌঁছে দিতে পারেন যা অন্যদের পক্ষে সম্ভব হয় না।

তিনি বলেন, দেশে অসাম্প্রদায়িক চেতনা নির্মাণ, জঙ্গিবাদী হামলাসহ মুক্তিযুদ্ধসম্পন্ন মানুষের ওপর আঘাতকারী কালো শক্তির বিরুদ্ধে আবৃত্তিশিল্পীরা সব সময় রাজপথে নেমেছে প্রতিবাদী কঢ়ে। মুখোশের আড়ালে লুকিয়ে থাকা পরাজিত শক্তিকে বধ করে মুক্তিযুদ্ধের চেতনাকে ধারণ করেছেন সংস্কৃতিকর্মীরা।

সভাপতির বক্তব্যে কবি ওমর কায়সার বলেন, নতুন প্রজন্মের কাছে মুক্তিযুদ্ধের ইতিহাস পৌঁছে দেয়া অত্যান্ত গুরুত্বপূর্ণ। সংস্কৃতির প্রায়োগিক শাখার একটি গুরুত্বপূর্ণ মাধ্যম হলো আবৃত্তি। ভাষা আন্দোলন, মুক্তিযুদ্ধ সহ নানা রাজনৈতিক সাংস্কৃতিক পটভূমিতে আবৃত্তির গুরুত্বপূর্ণ ভূমিকা আছে। তিনি আবৃত্তির মাধ্যমেই ভাষা আন্দোলন, মুক্তিযুদ্ধ ও বিভিন্ন রাজনৈতিক সাংস্কৃতিক আন্দোলনের ইতিহাস নতুন প্রজন্মকে জানানোর জন্য আবৃত্তিশিল্পীদের প্রতি আহ্বান জানান।

আজ রবিবার বিকালে চট্টগ্রাম সিটি করপোরেশনের উদ্যোগে সৃজনশীল প্রকাশনা পরিষদ ও নাগরিক সমাজের সহযোগিতায় অমর একুশে বই মেলা মঞ্চে আবৃত্তি উৎসবে কবি ওমর কায়সার এর সভাপতিত্বে ও আবৃত্তিশিল্পী মুজাহিদুল ইসলামের সঞ্চালনায় বিশেষ অতিথির বক্তব্য রাখেন বরেণ্য আবৃত্তিশিল্পী বীর মুক্তিযোদ্ধা ড.নিছার উদ্দিন আহমেদ মঞ্জু, সম্মিলিত আবৃত্তি জোট চট্টগ্রাম এর সভাপতি ফারুক তাহের।

আলোচনা সভা সুমধুর কর্তৃ দলীয়, একক ও দ্বৈত আবৃত্তি পরিবেশন করেন বোধন আবৃত্তি পরিষদ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় আবৃত্তি সংসদ উচ্চারণ আবৃত্তি কুঞ্জ, তারণ্যের উচ্চাস, স্বদেশ আবৃত্তি সংগঠন, প্রমিতি সাংস্কৃতিক একাডেমি, শৈশব বাচিক চর্চা কেন্দ্র, দৃষ্টি চট্টগ্রাম, প্রত্যয় শিক্ষা সাংস্কৃতিক একাডেমি, একুশ মানবিক আবৃত্তি চর্চা কেন্দ্র, স্পৃহা আবৃত্তি নীড়, বৈখরি আবৃত্তি আলয়, মুক্তধর্মনি আবৃত্তি সংসদ। একক আবৃত্তি পরিবেশন করেন ডালিয়া আহমেদ, মসুম আজিজুল বসর, মিল চৌধুরী ও প্রণব চৌধুরী।

আগামীকাল সোমবার বিকাল ৪.০০ টায় অমর একুশে বই মেলা মধ্যে " গণ মাধ্যম সম্মিলন অনুষ্ঠিত হবে। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন একুশে পদকপ্রাপ্ত গুণীজন আজাদী পত্রিকার সম্পাদক ও প্রকাশক এম এ মালেক।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৮৮৮